

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর

স্ব- প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৮-১৯

[তথ্য অধিকার আইন, ২০০৯ এবং (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত]

- ০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য প্রকাশ ও প্রচার প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (নওপাজেকো) কর্তৃপক্ষ কর্তৃক স্ব- প্রণোদিত তথ্য নির্দেশিকা ২০১৯-২০ প্রণয়ন করা হলো।
- ০২। এ নির্দেশনায় যা কিছুই থাকুক না কেন নওপাজেকো কর্তৃপক্ষ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুসারে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয় সে সকল তথ্য প্রকাশ করবে না।
- ০৩। নওপাজেকো কর্তৃপক্ষ স্ব- প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০৪। নওপাজেকো-এর ওয়েবসাইট সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের উপযোগী করে তৈরী/আপডেট করা হবে।
- ০৫। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী অবশ্যই ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করা হবে। ওয়েবসাইটের কারিগরি দিকসমূহ সরকার অনুমোদিত ইটারঅপারেবিলিটি গাইডলাইনের আলোকে প্রস্তুত করা হবে।
- ০৬। নওপাজেকো সম্পর্কিত সকল প্রয়োজনীয় তথ্য নাগরিকগণের জন্য ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রকাশ করা হবে।
- ০৭। নওপাজেকো তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সঙ্গতি রেখে ইলেক্ট্রনিক পদ্ধতিতে তথ্য প্রদান করবে।
- ০৮। নওপাজেকোর নতুন কোন বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ০৯। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলক তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লেখা থাকবে।
- ১০। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্যপ্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য নওপাজেকোর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১১। নওপাজেকো কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবছর নিরীক্ষা করা হবে।
- ১২। স্ব- প্রণোদিত তথ্য প্রকাশের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্ভাব্য ব্যয় (যদি থাকে) কর্তৃপক্ষ কর্তৃক বাজেটে অন্তর্ভুক্ত করা হবে।
- ১৩। মাসিক সমন্বয় সভায় নিয়মিত ভাবে স্ব- প্রণোদিত তথ্যপ্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত থাকবে।
- ১৪। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সঙ্গতি রেখে নওপাজেকো কর্তৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ১৫। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১৬। বিভিন্ন পর্যায়ে গঠিত ইনোভেশন টিম নওপাজেকোর স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয়ে তত্ত্বাবধান করবে।

আদেশক্রমে

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

Ag